তারিখ 2 6 MAY 1996
পৃষ্ঠা ৩ কলাম ১

আজকের কাগজ

# জেলা পরিষদ, গাজীপুর

স্মারক নং– গাজেপ–৮৯২/৯৫–৯৬ তাং– ২১–৫–৯৬

# এককালীন ছাত্র বৃত্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা বিভিন্ন কলেজ, বিশ্ববিদ্যালয় ইঞ্জিনিয়ারিং, মেডিকেল, কৃষি ও পলিটেকনিক্যাল প্রতিষ্ঠানে অধ্যায়নরত (পৌর এলাকা ব্যতীত) গাজীপুর জেলার গরিব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের গাজীপুর জেলা পরিষদ হইতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে এককালীন বৃত্তি প্রদানের নিমিত্তে ১ (এক) কপি সত্যায়িত ফটোসহ নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে। দরখাস্ত আগামী ৬–৬–৯৬ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করা যাইবে। নির্ধারিত সময়সীমার পর কোন দরখাস্ত গ্রহণ করা হইবে না। অফিস চলাকালীন সময়ে বিনা মূল্যে আবেদনের ফরম আগামী ৩–৬–৯৬ ইং তারিখ পর্যন্ত জেলা পরিষদ হইতে সংগ্রহ করা যাইবে। উল্লেখ্য যে, মাদ্রাসায় অধ্যয়নরতদের ক্ষেত্রে উক্ত বৃত্তি একই শর্তে প্রযোজ্য হইবে।

শর্তাবলী

১। প্রার্থীকে অবশ্যই গাজীপুর জেলার স্থায়ী বাসিন্দা (গাজীপুর পৌরসভা ও টংগী পৌরসভা ব্যতীত) হইতে হইবে। এইমর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।

২। প্রার্থীকে অবশ্যই ১ম বিভাগে উত্তীর্ণ হইতে হইবে। কলেজের অধ্যয়নরতদের ক্ষেত্রে এসএসসি পর্যায়ে কমপক্ষে ৭৫০ নম্বর বিজ্ঞান এবং অন্যান্য বিভাগের ৭০০ নম্বর থাকিতে হইবে।

৩। স্নাতক পর্যায়ে অধ্যয়নের ক্ষেত্রে এসএসসি এইচএসসিতে কমপক্ষে ৭০০ নম্বর বিজ্ঞান বিভাগের ও অন্যান্য বিভাগের জন্য ৬৫০ নম্বর থাকিতে হইবে।

৪। সকল পর্যায়ে অধ্যয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ আবেদনপত্র দাখিল করিতে হইবে।

৫। প্রার্থীর সকল পর্যায়ের এসএসসি ও এইচএসসি প্রাপ্ত নম্বরপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে।

৬। অন্যান্য বিশ্ব বিদ্যালয় ইঞ্জিনিয়ারিং, মেডিকেল, পলিটেকনিক্যাল এ অধ্যয়নের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসিতে গড়ে ১৩০০ নম্বর (বিজ্ঞান) এবং অন্যান্য বিভাগের জন্য ১২৫০ নম্বরধারী আবেদনের যোগ্য বলিয়া বিবেচিত হইবে।

৭। একই পরিবার থেকে সর্বোচ্চ ২ (দুই) জন আবেদন করিতে পারিবেন।

৮। গরিব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের এবং জেলা পরিষদের কর্মচারীদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছেলেমেয়েদের ক্ষেত্রে উক্ত শর্ত শিথিলযোগ্য।

মোঃ জহিরুল হক
সচিব
জেলা পরিষদ, গাজীপুর।

ডিজি–২৯১/৯৬